



দৈনিক বর্তমান



ঢাকা ইউনিভার্সিটি ক্যারিয়ার ক্লাবের নতুন সাধারণ সদস্যদের বরণ অনুষ্ঠান বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় অন্যান্যের মধ্যে ক্লাবের সভাপতি মাহমুদুল হাসান মারজুক, সহ-সভাপতি নাসরিন আক্তার, সাধারণ সম্পাদক ফায়েজ উল্লাহ নেহাল ও আবুল খায়ের গ্রুপের এইচআর বিভাগের পরিচালক সাদ জসিম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপাচার্য ক্লাবের 'Reminiscence' শীর্ষক ম্যাগাজিনের ৩য় সংস্করণের প্রচ্ছদ উন্মোচন করেন -বর্তমান

নয়া দিগন্ত



ঢাবি ক্যারিয়ার ক্লাবের নতুন সদস্যদের বরণ অনুষ্ঠান
ঢাকা ইউনিভার্সিটি (ঢাবি) ক্যারিয়ার ক্লাবের নতুন সাধারণ সদস্যদের বরণ অনুষ্ঠান বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন। এ সময় ক্লাবের সভাপতি মাহমুদুল হাসান মারজুক, সহসভাপতি নাসরিন আক্তার, সাধারণ সম্পাদক ফায়েজ উল্লাহ নেহাল ও আবুল খায়ের গ্রুপের এইচআর বিভাগের পরিচালক সাদ জসিম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ভিসি ক্লাবের 'Reminiscence' শীর্ষক ম্যাগাজিনের তৃতীয় সংস্করণের প্রচ্ছদ উন্মোচন করেন। বিজ্ঞপ্তি।



দৈনিক বর্তমান



ঢাবি হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মেহেদী চ্যাম্পিয়ন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী মো. মেহেদী হাসান চ্যাম্পিয়ন এবং আরবী বিভাগের শিক্ষার্থী আব্দুল মতিন ও জাপানিজ স্টাডিজ বিভাগের শিক্ষার্থী বাসারুজ্জামান দিপু যুগ্মভাবে রানার্স-আপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বৃহস্পতিবার সকালে কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি

হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) মো. জসিম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



সংবাদ

ঢাবি আন্তঃহল ভলিবল বিজয় একাত্তর ও শামসুন নাহার হল চ্যাম্পিয়ন

সংবাদ স্পোর্টস ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ভলিবল প্রতিযোগিতায় ছাত্র গ্রুপে বিজয় একাত্তর হল এবং ছাত্রী গ্রুপে শামসুন নাহার হল চ্যাম্পিয়ন হয়েছে। ছাত্র গ্রুপে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল এবং ছাত্রী গ্রুপে রোকেয়া হল রানার্স আপ হয়েছে। ছাত্র গ্রুপে বিজয় একাত্তর হলের তানভীর হোসেন এবং ছাত্রী গ্রুপে শামসুন নাহার হলের সম্পা আক্তার সেরা খেলোয়াড় হয়েছেন। প্রতিযোগিতা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল কেন্দ্রীয় খেলার মাঠে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভলিবল কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. বেলাল হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।



বণিক বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ন্যানো প্রযুক্তিবিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ■

ন্যানো প্রযুক্তির বহুমাত্রিক ব্যবহার ও সম্ভাবনা নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। 'ওষুধ সরবরাহ ও ইলেকট্রনিকসে ন্যানো রেভলুশন' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয় ন্যানোপ্রযুক্তি সেন্টার। গতকাল সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস) সেমিনার রুমে এটি অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে সেমিনারটির উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন ন্যানো প্রযুক্তি সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মো. আবু বিন হাसान সুসান।

সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির।